



# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

নথি নং- ৩৭.০১.০০০০.০৭১.৩৯.০০১.২০/২৭৮৮

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮  
১৮ জুলাই ২০২১

বিষয়: 'ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ' ২০২১-এর জন্য ফেলো নিয়োগ।

শিক্ষা, গবেষণা, প্রকাশনা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্ম অভিজ্ঞতা, গবেষণা কাজের সংশ্লিষ্টতা, গ্রহণযোগ্যতা এবং ফেলোশিপ নীতিমালার উদ্দেশ্যাবলির গুরুত্ব বিবেচনায় নিয়ে আপনাকে আগামী ০১ (এক) বছরের জন্য (যোগদানের তারিখ হতে কার্যকর) 'ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ' ২০২১-এর জন্য ফেলো হিসেবে নিয়োগ দেয়া হলো।

- ১। সম্মানী ও আনুষঙ্গিক সুবিধা :
- (ক) মাসিক ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা হবে;
- (খ) বাড়ি ভাড়া বাবদ মাসিক ৬০,০০০/- (ষাট হাজার) টাকা হারে প্রদান করা হবে। তবে চাকুরিরত ফেলো বাড়ি ভাড়া প্রাপ্য হবেন না;
- (গ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ এককালীন সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে (বিল ভাউচার প্রদান সাপেক্ষে);
- (ঘ) সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। তবে এক্ষেত্রে বিল, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র কমিশনে জমা দিতে হবে;
- (ঙ) লোকাল ট্রাভেল, কম্পোজ, প্রিন্টিং, বাধাই এবং আন্তর্জাতিক জার্নালে প্রবন্ধ প্রকাশ করার ফি ইত্যাদি বাবদ সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে (বিল ভাউচার প্রদান সাপেক্ষে)।
- ২। শর্তাবলি :
- (ক) কোনো বিশ্ববিদ্যালয়/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত থেকে গবেষণা কর্ম সম্পাদন করতে হবে;
- (খ) ফেলো হিসেবে যোগদানের পূর্বে রিসার্চ প্ল্যানের সাথে টাইম ফ্রেমও কমিশনে জমা দিতে হবে;
- (গ) যোগদানের পর ০৬(ছয়) মাস অতিক্রান্ত হলে ফেলো তাঁর গবেষণা কার্যক্রমের অর্ধবার্ষিক প্রতিবেদন কমিশনে জমা দিবেন;
- (ঘ) গবেষণাকর্ম সমাপনান্তে প্রকাশযোগ্য পাণ্ডুলিপির সফটকপিসহ কমিশনে জমা দিতে হবে। যদি পুস্তক আকারে প্রকাশ করার উপযোগী হয় কমিশন তা বিবেচনা করতে পারে;
- (ঙ) গবেষণাকর্মের চূড়ান্ত প্রতিবেদন যদি পুস্তক আকারে প্রকাশ করা না হয় সেক্ষেত্রে SCI/Scopus Indexed journal বা জাতীয়/আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানসম্পন্ন জার্নালে প্রকাশ করতে হবে;
- (চ) একইসাথে একাধিক ফেলোশিপ গ্রহণ করা যাবে না;
- (ছ) ফেলো হিসেবে যোগদানের পর তিনি অন্যকোনো প্রতিষ্ঠানে বেতনভোগী হিসেবে পূর্ণকালীন/খন্ডকালীন/চুক্তিভিত্তিক চাকুরিতে নিয়োজিত হতে পারবেন না;
- (জ) গবেষণাকর্ম সম্পন্ন না করলে অথবা পরিত্যাগ করলে অথবা ফেলোশিপ বাতিল করা হলে ফেলো কর্তৃক গৃহীত সমুদয় অর্থ কমিশনে ফেরৎ দিতে হবে;
- (ঝ) ফেলো প্রয়োজনীয় ক্ষেত্রে সেমিনার/ওয়ার্কশপ/পাবলিক লেকচার প্রদান করতে পারবেন;
- (ঞ) রাষ্ট্রবিরোধী কোনো কর্মকান্ড বা বক্তব্য প্রদান কিংবা কোনো লেখা প্রকাশ করা যাবে না;
- (ট) ফেলোশিপ চলাকালীন ১৫ (পনের) দিনের বেশি সময় বিদেশে অবস্থান করার প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিতে হবে।

৩। 'ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ' ২০২১-এর ফেলো হিসেবে আপনাকে আগামী ০১ জুলাই ২০২১ খ্রি. তারিখে অথবা করোনাভাইরাসের প্রকোপ/গতিবিধি বিবেচনায় নিয়ে আপনার প্রদত্ত রিসার্চ প্ল্যান ও টাইম ফ্রেমের মধ্যে কমিশনে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

৪। যোগদানের তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

৫। ফেলো যোগদানে অপারগ হলে উক্ত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

বিতরণ:

প্রফেসর ড. এম. আফজাল হোসেন (অব.)  
বায়োকেমিস্ট্রি এন্ড মলিকোলার বায়োলজি  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।  
বর্তমান ঠিকানা: বাসা নং-৪২৭, রোড নং-০৭, ব্লক- বি,  
বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯।

নথি নং- ৩৭.০১.০০০০.০৭১.৩৯.০০১.২০/২৭৮৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, ইউজিসি, ঢাকা।
- ২-৬। পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ/ রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন/ আইএমসিটি ডিভিশন/ পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ/ জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), ইউজিসি, ঢাকা।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৮। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৯। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ১০-১৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ১৫-১৬। নথি/মহানথি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

প্রকৌ. মোহাম্মদ জিয়াউর রহমান  
উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)  
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন  
ফোন: +৮৮-০২-৫৮১৬০২৩০  
E-mail: [ziaiut96@ugc.gov.bd](mailto:ziaiut96@ugc.gov.bd)

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮  
১৮ জুলাই ২০২১

মামুন পাটওয়ারী  
সহকারী পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)